

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Employment Investment Program (SEIP)-এর আওতায় কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালনায় নিম্নে উল্লিখিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে Caregiving Course-এ সম্পূর্ণ বিনা খরচে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এই প্রশিক্ষণের উদ্দেশ্য হচ্ছে দেশে দক্ষ জনশক্তি গড়ে তুলে কর্মসংস্থানের ব্যবস্থা করা। এই উদ্দেশ্যে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে নিম্নোক্ত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

### প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ

ক্র.নং	প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	জেডার	যোগাযোগ
০১	কুমুদিনী ট্রেড ট্রেনিং ইনস্টিটিউট, মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্স, মির্জাপুর-১৯৪০, টাঙ্গাইল।	শুধুমাত্র নারী প্রশিক্ষণার্থীরা আবেদন করুন।	01751-244999 01812-386376
০২	কুমুদিনী ট্রেড ট্রেনিং ইনস্টিটিউট, নারায়ণগঞ্জ ৮৬, সিরাজউদ্দৌলা রোড, নারায়ণগঞ্জ-১৪০০।	নারী ও পুরুষ উভয়েই আবেদন করুন।	01632-509528 01751-244999
০৩	কুমুদিনী ট্রেড ট্রেনিং ইনস্টিটিউট, ঢাকা শামস্ টাওয়ার, প্লট নং-১২, রোড নং-১, ব্লক-এ, জহুরুল ইসলাম সিটি, আফতাবনগর, ঢাকা-১২১২।	নারী ও পুরুষ উভয়েই আবেদন করুন।	01755-649832 01812-386376

### ভর্তি সংক্রান্ত সাধারণ শর্তাবলী

- প্রশিক্ষণের মেয়াদকাল ৬ মাস এবং প্রশিক্ষণ শেষে ন্যূনতম ৩ (তিন) মাস চাকরি করা বাধ্যতামূলক।
- ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি পাশ এবং বয়স ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে।
- ইতিপূর্বে SEIP প্রকল্পের অন্যকোন কোর্সে রেজিস্ট্রেশন করে থাকলে এই কোর্সে আবেদনের অযোগ্য হিসেবে বিবেচিত হবে।
- আবেদন করার শেষ তারিখ ১০ ফেব্রুয়ারি, ২০২৩। প্রশিক্ষণার্থী বাছাই পরীক্ষার তারিখ ও ফলাফল উল্লিখিত প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকে জানা যাবে।
- দরিদ্র, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, নারী, প্রতিবন্ধী এবং সুবিধাবঞ্চিত প্রশিক্ষণার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- আবেদনপত্র ডাকযোগে অথবা ইমেইল-এ পাঠানো যাবে (ইমেইল : [info@kwt-seip.com](mailto:info@kwt-seip.com)) এবং ডাকযোগে আবেদনের ঠিকানাঃ KWT-SEIP প্রকল্প, কুমুদিনী কমপ্লেক্স, মির্জাপুর, টাঙ্গাইল অথবা কুমুদিনী ট্রেড ট্রেনিং ইনস্টিটিউট, নারায়ণগঞ্জ ৮৬, সিরাজউদ্দৌলা রোড, নারায়ণগঞ্জ-১৪০০)।
- আবেদনপত্রের সাথে প্রার্থীর পূর্ণ জীবনবৃত্তান্ত, ০২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (২০ এর নিচে বয়সের ক্ষেত্রে ডিজিটাল জন্মসনদ চলবে) পাঠাতে হবে।

### প্রশিক্ষণার্থীদের সুযোগ-সুবিধা

- প্রশিক্ষণকালীন ছাত্র এবং ছাত্রীদের বিনামূল্যে থাকা ও খাওয়ার ব্যবস্থা রয়েছে।
- প্রশিক্ষণ শেষে সাফল্যের সাথে উত্তীর্ণদের জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) সনদপত্র প্রদান করবে।
- প্রশিক্ষণ শেষে সাফল্যের সাথে উত্তীর্ণদের দেশে ও বিদেশে কর্মসংস্থানের সহায়তা করা হবে।
- সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারীদের মোট ২৪,০০০/= টাকা বৃত্তি প্রদান করা হবে।

বি: দ্র: প্রতি ব্যাচ থেকে উল্লেখযোগ্য ফলাফলের ভিত্তিতে ৫ (জন) প্রশিক্ষণার্থী সরকারী খরচে American Caregiver Association - এর উচ্চতর Online প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ পাবেন।

প্রধান সমন্বয়কারী

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট অব বেঙ্গল (বিডি) লিঃ- SEIP